

২৫তম সিটি কাউন্সিল ডিষ্ট্রিকট

ড্যানিয়েল ড্রম (Daniel Dromm) (D, WF)

হ্যালো, আমার নাম Daniel Dromm এবং জ্যাকসন হাইটস, এলমার্ট ও ইস্ট এলমার্ট এর প্রতিনিধিত্ব করার জন্য আমি আবার নির্বাচনে অবতীর্ণ হয়েছি। নিউ ইয়র্ক সিটি কাউন্সিলে আপনাদেরকে প্রতিনিধিত্ব করা একটা সম্মান ও সুবিধাজনক কাজ। বিগত চার বছরে আমার কাজ হয়েছে খোলা জায়গা সম্প্রসারণ, অর্থনৈতিক উন্নয়ন বৃদ্ধি, কমিউনিটির সর্বত্র সরকারী স্কুল সমূহে শত শত সিট বৃদ্ধি, মানবাধিকার বিষয়ে উচ্চকন্ঠ স্পষ্টবাদিতা এবং আমাদের ইমিগ্রেন্টদের পক্ষে অনট এডভোকেটের ভূমিকা পালন। সৃজনশীল সাংস্কৃতিক কার্যক্রম যেমন “ইট এলমার্ট” এবং “জুন ইন জ্যাকসন হাইটস” এর মাধ্যমে আমরা পৃথিবীর সর্বত্র থাকা মানুষকে অনুপ্রানিত করেছি আমাদের স্থানীয় ব্যবসায়ের পৃষ্ঠপোষনে, নাগরিক ভাবমূর্তির উন্নয়নে এবং আমাদের কমিউনিটিকে একটা বৃহত্তর দর্শক-প্রোতাদের সম্মুখে তুলে ধরার প্রচলন। আমাদের সন্নিহিত প্রতিবেশী জ্যাকসন হাইটস, এলমহাস্ট এবং ইস্ট এলমার্টের - অনেক ও জরুরী প্রয়োজন রয়েছে। দ্বিতীয় মেয়াদে আমার প্রধান অগ্রাধিকার হলো শ্রেনী সাইজ কমিয়ে আনার প্রতি দৃষ্টি রেখে সরকারী শিক্ষার উন্নয়ন, খোলা জায়গা বিস্তৃতি ও বাড়ানো অব্যাহত রাখা, সাধ্যায়ত প্রাথমিক স্বাস্থ্যসেবা সান্নিধ্যকন উন্নয়ন, শ্রমিক অধিকার সংরক্ষণ এবং আমাদের বয়জের্ঠদেরকে প্রয়োজনীয় সেবা প্রদান এবং তাদের অবসরকালীন প্রয়োজনাদী যোগান ও দেখভাল নিশ্চিত করণ। আমার রেকর্ড প্রদর্শন করে যে আমি আমাদের কমিউনিটির জন্য একজন শক্তিশালী এডভোকেট হবো। আমি জানি আমাদের আরও অনেক কাজ করার আছে। আমি আশা করি আমাদের কমিউনিটির আরও সম্মুখগমন ও উন্নয়নের জন্য আপনারা আমাকে আরও ৪টি বছর দিবেন।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন না।*